# আজ থেকে সীমিত সরবরাহে নতুন পোশাকে দেখা যাবে পুলিশকে




সংগৃহীত ছবি

বাংলাদেশ পুলিশ আজ থেকে সীমিত পরিসরে নতুন ইউনিফর্মে দায়িত্ব পালন শুরু করেছে। পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী ১৫ নভেম্বর থেকেই নতুন পোশাক কার্যকর হওয়ার কথা থাকলেও, এখনো সব সদস্যের জন্য ইউনিফর্ম প্রস্তুত না থাকায় নির্দিষ্ট কয়েকটি ইউনিটে সীমিত আকারে সরবরাহ করা হয়েছে।

পুলিশ সদর দপ্তর জানায়, প্রথম ধাপে মেট্রোপলিটন পুলিশ ও কয়েকটি বিশেষায়িত ইউনিটের সদস্যরা নতুন পোশাক পাচ্ছেন। পর্যায়ক্রমে দেশের সকল রেঞ্জ, জেলা ও থানা পর্যায়ের সদস্যদের কাছেও নতুন ইউনিফর্ম পৌঁছে দেওয়া হবে।

পুরোনো গাঢ় নীল ও সবুজ রঙের পরিবর্তে এবার রেঞ্জ ও মেট্রোপলিটনে কর্মরত সদস্যরা পরবেন 'লোহার রঙের' নতুন পোশাক। প্রাথমিকভাবে ডিএমপিসহ সব মেট্রোপলিটন এলাকায় এই পরিবর্তন কার্যকর হয়েছে। পরে ধাপে ধাপে অন্যান্য ইউনিটেও এটি চালু হবে।

জুলাইয়ের অভ্যুত্থান-পরবর্তী সময়ে পুলিশ বাহিনী বিভিন্ন সমালোচনার মুখে পড়ে। বাহিনী পুনর্গঠন ও আধুনিকায়নের দাবি ওঠে বিভিন্ন মহল থেকে। সেই প্রেক্ষাপটে সরকার নতুন ইউনিফর্ম অনুমোদন করে এবং ধাপে ধাপে তা বাস্তবায়নের উদ্যোগ নেয়।

LENS ASIA